# BELIEVERS EASTERN CHURCH WORLD HEADQUARTERS

Office of the Metropolitan, St. Community, Kuttapuzha, P.O.Thiruvalla-689103 Kerala, India.

**পালকীয় পত্র**

অক্টোবর-নভেম্বর ২০২৫

**আমার প্রিয় যাজকদের ত্বএবং পবিত্র মণ্ডলীর সকল বিশ্বাসীদের সমীপে**

এক সত্য ঈশ্বর পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে আমেন।

আপনাদের কাছে পত্র লেখাটি আমার জন্য কত বড় আনন্দ এবং বিশেষ সুযোগের বিষয়, তাহা জানিয়ে আমি শুরু করতে চাই।আপনাদের আত্মিক পিতা রূপে আমি যে চিঠিগুলো প্রেরণ করি, সেগুলো খুবই গুরুত্বপূর্ণ, কারণ তাহারা আমাকে দায়িত্ব দিয়েছেন; এই সময়ে আমাদের মণ্ডলীর জন্য ঈশ্বর আমার হৃদয়ে যাহা কিছু দিয়েছেন, সেগুলি যেন আমি আপনাদের কাছে প্রকাশ করিতে পারি এবং একইসঙ্গে আপনাদের প্রত্যেককে আমি কতটা গভীরভাবে মূল্য দিই, তাহা মনে করিয়ে দিতে পারি।

বিশপ এবং মণ্ডলীর ফাদার পিতাদের দ্বারা তাঁহাদের মণ্ডলীর কাছে পত্র লেখার এই প্রথা খ্রিস্টান ধর্মের প্রারম্ভিক শতাব্দিগুলো হইতে চলিয়া আসিতেছে।এই পত্রগুলোর মধ্যে সিংহভাগ পত্র আজও সংরক্ষিত রয়েছে।এগুলি মণ্ডলীর ঐক্যকে মজবুত করতে ব্যবহৃত হত, আমরা সম্পূর্ণ ভাবে জানি যে আমরা বিচ্ছিন্ন বা স্বাধীন নই ; আমরা সকলেই একই খ্রিস্টের দেহের সদস্য।মণ্ডলীকে অনুসরণ করার অর্থ খ্রিস্টকে অনুসরণ করা, যিনি ইহার মস্তক।

**সেন্ট সাইপ্রিয়ানের কথায়: "*যাহার মাতারূপে মণ্ডলী নেই, তার পিতারূপে ঈশ্বর নেই*"।**

## চার্চ ক্যালেন্ডার / মণ্ডলীর পঞ্জিকা

ঐক্যের একটি গুরুত্বপূর্ণ উপায় হল চার্চ ক্যালেন্ডার।এটি আমাদের অহংকারী মনকে বিনয়ী করে এবং যীশু খ্রিস্টকে দৈনন্দিন জীবনের কেন্দ্রে রাখে এটি স্বয়ং সময়কে পবিত্র করে—দিন, সপ্তাহ এবং মাসগুলো —ইহাদিগকে আধ্যাত্মিক রাজ্যের জন্য উন্নীত করে।ক্যালেন্ডারটি খ্রিস্টের জীবন এবং পরিত্রাণের ইতিহাসের মাধ্যমে আমাদের পথ দেখায় এবং পর্ব, উপবাস এবং সাধুদের স্মরণ করার একটি প্রকাশ করা ছন্দে আমাদের ঐক্যবদ্ধ করে, যাহা আমাদের সকলকে একত্রে পবিত্রতায় পরিচালনা করে।

**সেন্ট বেসিল দ্য গ্রেট আমাদের স্মরণ করিয়ে দেন:**

*"মণ্ডলী উপবাস এবং পর্বের দিনগুলি নির্ধারণ করে যাহাতে আমরা বোঝাগ্রস্ত না হই, বরং আমাদের আত্মাকে প্রশিক্ষণ করিতে এবং আমাদের হৃদয়কে ঈশ্বরের দিকে ধরিয়া রাখিতে পারি"।*

১

**সেন্ট জন ক্রাইসোস্টম আরও** উৎসাহিত **করেন:**

"*মণ্ডলী* চার্চ কর্তৃক নির্ধারিত পর্বের দিনগুলিকে আমরা যেন অবহেলা না করি, কারণ এই পর্বের দিনগুলিতে আমরা শিক্ষা এবং আত্মিক পুষ্টি লাভ করি"।

সুতরাং, আমার প্রিয়জনেরা, আমি আপনাদেরকে ঈশ্বরাশ্রিত জীবন যাপন করার জন্য চার্চ ক্যালেন্ডারটিকে গ্রহণ করতে উৎসাহিত করি ।

**<u>নতুন উপাসনামূলক বছর/ নতুন লিটারজিক্যাল বছর</u>**

বিলিভার্স ইস্টার্ন চার্চ ২য় নভেম্বর ২০২৫ থেকে একটি নতুন উপাসনামূলক বছরে প্রবেশ করার জন্য প্রস্তুত হচ্ছে । নতুন উপাসনামূলক বছরের জন্য চার্চ ক্যালেন্ডার এবং লেক্সনেরী আপনার ব্যক্তিগত অনুলিপি রুপে পাওয়ার জন্য উপলব্ধ থাকবে ।

**<u>মণ্ডলীর বিশ্বাসীবর্গদের জন্য নির্দেশাবলী</u>**

- **এটির জন্য অনুরোধ করুন:** আপনার প্যারিশ যাজকের কাছ থেকে একটি অনুলিপি চান । নিশ্চিত করুন যে আপনার পরিবারের অন্তত একটি অনুলিপি আছে , এবং এটিকে আপনার বাড়িতে একটি প্রধান স্থানে ঝুলিয়ে রাখুন যেখানে সবাই দেখতে পায় ।
- **এটিকে পাঠ করুন:** আপনার পরিবারের সাথে ক্যালেন্ডারটি দেখুন । ইস্টার, গ্রেট লেন্ট (মহান উপবাস), এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ঋতুর পর্ব এবং উপবাসের তারিখগুলি নজর রাখুন, যাতে আপনি সেগুলি সঠিকভাবে পালন করতে পারেন ।
- **পরিকল্পনা করুন:** মহা লেন্ট পর্ব হল আমাদের মণ্ডলীর একটি গুরুত্বপূর্ণ সময়।সমস্ত মণ্ডলীর প্রার্থনা এবং আরাধনাগুলিতে উপস্থিত থাকাকে অগ্রাধিকার দিন । একটি উপবাসের ধারা অনুসরণ করুন—আমিষ খাওয়া এড়িয়ে চলুন, ফোন ব্যবহার বা অপ্রয়োজনীয়ভাবে অর্থ এবং সময় ব্যয় করা সীমিত করুন , এবং আপনি যাহা সঞ্চয় করবেন তাহা দরিদ্রদের মধ্যে দান করার জন্য ব্যবহার করুন। আধ্যাত্মিক বৃদ্ধির এই ৪0 দিনের উপর সম্পূর্ণ মনোযোগ দেওয়ার জন্য অন্যান্য প্রতিশ্রুতিগুলির ব্যবস্থা করুন । যে ক্ষেত্রগুলিতে সাহায্যের প্রয়োজন, সেগুলির জন্য আপনার মণ্ডলীর যাজকের কাছ থেকে নির্দেশনা চান ।

- **পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দিন:** আপনার সন্তানদের চার্চ ক্যালেন্ডার অনুসরণ করার গুরুত্ব শেখান ।এমনকি যদি তারা পড়াশোনা বা কাজের জন্য দূরে থাকে, তবুও তাদের এটি পালন করতে উৎসাহিত করুন ।শিশুরা আমাদের দেখে শেখে, তাই পিতামাতা এবং প্রবীণদের অবশ্যই উদাহরণ স্বরূপ জীবন যাপন করা প্রয়োজন ।এই জীবনধারাটি পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া আমাদের জন্য ঈশ্বরের প্রদত্ত একটি দায়িত্ব ।

**২**

<u>যাজকদের জন্য নির্দেশাবলী</u>

- **পালক হন:** চার্চ ক্যালেন্ডার অনুসরণ করার ক্ষেত্রে আপনার মণ্ডলীকে ধীরে ধীরে পথ দেখান। উদাহরণ স্বরূপ নেতৃত্ব দিন, কারণ আপনার মণ্ডলীর সদস্যরা আপনি যাহাই করতে দেখাবেন, তাহাই তারা অনুসরণ করবেন ।
- **ক্যালেন্ডার যথাযথ ভাবে অনুসরণ করুন:** সুবিধার জন্য বা অন্য কোনো কারণে কোনো পর্ব, উপবাস বা স্মরণীয় দিন এড়িয়ে যাবেন না বা অবহেলা করবেন না ।পবিত্র সিনডের নির্দেশ অনুসারে প্রতিটি মণ্ডলীর অনুষ্ঠানের জন্য সমস্ত প্রয়োজনীয় উপাদান সহ চার্চ হেডকোয়ার্টার্স কর্তৃক প্রদত্ত ক্যালেন্ডার এবং লিটার্জি (উপাসনা পদ্ধতি) মেনে চলুন ।
- **জানতে আগ্রহী হন:** যদি এমন কিছু থাকে যাহা আপনি জানেন না, তবে আপনার ডায়োসিসান বিশপ বা ডায়োসিসান ভিকারের কাছ থেকে বিনম্রভাবে নির্দেশনা গ্রহণ করুন ।আপনি যা হা ইতিমধ্যেই জানেন তাতে কখনও সন্তুষ্ট হবেন না; সর্বদা আরও জানতে চান ।
- **লেক্সনারী ব্যবহার করুন:** লেক্সনারীটি প্রার্থনার সাথে অতি যত্ন সহকারে প্রস্তুত করা হয়েছে । এর অংশগুলি এবং বিষয়গুলি খ্রিস্টের দিকে ইঙ্গিত করে এবং বিশ্বাসীদের পবিত্র মণ্ডলীর বিশ্বাস এবং পরম্পরায় বৃদ্ধি পেতে সাহায্য করে ।এটি যত্ন সহকারে অনুসরণ করুন ।

আমার প্রিয়জনেরা, যীশু তাঁর মহাযাজকীয় প্রার্থনায় বলেছিলেন, ***"প্রভু, সত্যে তাহাদিগকে পবিত্র কর; তোমার বাক্যই সত্য"*** (যোহন ১৭:১৭-১৯) —এবং এটাই এই জগতে আমাদের লক্ষ্য: অনুশোচনার পথে দৃঢ় থাকা , পরিপূর্ণ হওয়া এবং ঈশ্বরের আরও সদৃশ হওয়া । এই জগতের প্রলোভন এবং ধরণগুলি আমরা যতটা প্রায়শই উপলব্ধি করি তার চেয়েও শক্তিশালী , এবং কোনো সতর্কতা ছাড়াই, তারা আমাদের ঈশ্বর এবং তাঁর পবিত্র মণ্ডলীর থেকে দূরে সরিয়ে নিতে পারে ।তাই প্রেরিত পৌল আমাদের সতর্ক করেছেন: ***"তোমরা এই যুগের অনুরূপ হইও না"*** (রোমীয় ১২:২) ।আমরা নিজের মত এটা করতে পারি না; আমাদের সাহায্যের

প্রয়োজন ।মণ্ডলীর পিতারা আমাদেরকে একটি পথ দেখিয়ে সাহায্য করেছেন, সেটি হল চার্চ ক্যালেন্ডার—এটি এমন একটি নির্দেশিকা যাহা আমাদের চক্ষুকে দৃঢ়ভাবে আগত ঈশ্বরের রাজ্যের উপর নিবদ্ধ রাখতে সাহায্য করে ।

৩

পবিত্র ত্রিত্ব—পিতা, পুত্র এবং পবিত্র আত্মা—আপনাদের হৃদয় ও মনকে আলোকিত করুক , ঈশ্বরের জ্ঞানে বেড়ে ওঠার জন্য আপনাদের চোখ খুলে দিন, এবং পবিত্র থিওটোকোস ও সমস্ত সাধুদের মধ্যস্থতার মাধ্যমে, আমরা যেন অনাদী কাল থেকে পবিত্র মণ্ডলীর দ্বারা স্থাপিত ধরণ অনুসারে জীবনযাপন করিতে সক্ষম হই, এখন এবং সদা-সর্বদা । আমেন।✠

খ্রিষ্টতে আপনাদের আধ্যাত্মিক পিতা,

মোরান মোর স্যামুয়েল থিওফিলাস মেট্রোপলিটন

তারিখ: ২রা অক্টোবর ২০২৫

স্থান : বিশ্ব মণ্ডলীর সদর দপ্তর